

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়  
গুরুদাসপুর, নাটোর  
gurudaspur.natore.gov.bd



স্মারক নং ০৫.৪৩.৬৯১৫.০১০.০৩.০২৯.২১-১১২৬

তারিখঃ ১৪ আশ্বিন, ১৪২৮ বঙ্গাব্দ  
২৯ সেপ্টেম্বর, ২০২১ খ্রি:

### ‘নিয়োগ বিজ্ঞপ্তি’

এতদ্বারা গুরুদাসপুর উপজেলার সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, এস,আর,ও নং-২৩২-আইন/২০১৭। স্থানীয় সরকার (ইউনিয়ন পরিষদ) আইন, ২০০৯ (২০০৯ সনের ৬১নং আইন) এর ধারা ৯৬, ধারা ৪৮ মোতাবেক অত্র গুরুদাসপুর উপজেলার নিম্নবর্ণিত ইউনিয়নে উল্লেখিত শূন্যপদে অস্থায়ীভাবে নিয়োগের জন্য সংশ্লিষ্ট ওয়ার্ড/ইউনিয়নের জনগণের মধ্য হতে আগ্রহী নাগরিকদের নিকট হতে নিম্নে বর্ণিত শর্তে আগামী ২৪/১০/২০২১খ্রি: তারিখের মধ্যে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্র. নং	পদের নাম	পদের সংখ্যা	অধিক্ষেত্র/ইউনিয়নের নাম	ওয়ার্ড নং	নিয়োগের জন্য বয়স সীমা	নিয়োগের ক্ষেত্রে যোগ্যতা	বেতন (সর্বসাকুল্যে)
১	২	৩	৪	৫	৬	৭	৮
০১	মহল্লাদার	০১	০৪ নং মশিন্দা ইউনিয়ন পরিষদ	০৮ নং ওয়ার্ড	সর্বনিম্ন ১৮ হতে সর্বোচ্চ ৩০ বৎসর পর্যন্ত	ক) ৮ম শ্রেণি পাস হতে হবে। খ) সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট ৩ ইঞ্চি। গ) সর্বনিম্ন বুকের মাপ ৩২ ইঞ্চি (স্বাভাবিক অবস্থায়) ঘ) সর্বনিম্ন ওজন ১০০ পাউন্ড।	সরকারি অংশ ৩২৫০/- ইউপি অংশ ৩২৫০/-

#### শর্তাবলীঃ

- উপরে বর্ণিত পদসমূহে নিয়োগের ক্ষেত্রে প্রার্থীকে উপজেলা নির্বাহী অফিসার গুরুদাসপুর, নাটোর বরাবর আবেদন করতে হবে। আবেদন পত্রের সংঙ্গে উপজেলা নির্বাহী অফিসার, গুরুদাসপুর, নাটোর এর অনুকূলে ১৫০/- (একশত পঞ্চাশ) টাকার (অফেরতযোগ্য) ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে।
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে ও আবশ্যিকভাবে ০৪ নং কলামে বর্ণিত অধিক্ষেত্র/ইউনিয়নের বাসিন্দা হতে হবে এবং ০৬নং ও ০৭ নং কলামে উল্লিখিত যোগ্যতা থাকতে হবে।
- নিয়োগপ্রাপ্ত মহল্লাদাকে সংশ্লিষ্ট থানায় ০১ (এক) মাসের প্রশিক্ষণ নিতে হবে। কোন মহল্লাদার যথাযথভাবে তার প্রশিক্ষণ সমাপ্ত করতে না পারলে তার নিয়োগ বাতিল করা হবে।
- আবেদন পত্রে প্রার্থীর (ক) নিজের নাম (খ) মাতার নাম (গ) পিতার নাম (ঘ) বর্তমান ও স্থায়ী ঠিকানা (চ) জন্ম তারিখ (ছ) জাতীয়তা (জ) ধর্ম (ঝ) নিজ জেলা(ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ পূর্বক আগামী ২৪/১০/২০২১খ্রি: তারিখ অফিস চলাকালীন সময়ে ডাকযোগে অথবা সরাসরি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, গুরুদাসপুর, নাটোর বরাবর আবেদন করতে হবে।
- প্রার্থীর বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।
- প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/ পুত্র/কন্যার ঘরের সন্তান হলে সে ক্ষেত্রে পিতা মাতা/ নানা-দাদার অনুকূলে মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক সনদের সত্যায়িত অনুলিপি দাখিল করতে হবে।
- আবেদন পত্রের সাথে নিম্ন লিখিত কাগজ পত্রাদি সংযুক্ত করতে হবে।  
(ক) ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত সম্প্রতি তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি ছবি।  
(খ) সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার প্রমাণ স্বরূপ সনদপত্রের সত্যায়িত অনুলিপি।  
(গ) ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক প্রদত্ত (নামযুক্ত সীল দ্বারা) চারিত্রিক সনদপত্র।  
(ঘ) সংশ্লিষ্ট ওয়ার্ড সদস্য কর্তৃক ঐ ওয়ার্ডের বাসিন্দা সম্পর্কিত সার্টিফিকেট, যা সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান কর্তৃক স্বাক্ষরিত হতে হবে।  
(ঙ) প্রার্থীর নিজস্ব ঠিকানা (ডাক ঠিকানা) স্পষ্টাক্ষরে লিখিত ৯.৫×৪.৫ ইঞ্চি খামের উপরে ১০/- (দশ) টাকার ডাক টিকেটসহ ফেরত খাম সংযুক্ত করতে হবে।  
(চ) জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধনের ফটোকপি ১ম শ্রেণির গেজেটেড অফিসার কর্তৃক সত্যায়িত এবং পরীক্ষার দিন মূল জাতীয় পরিচয়পত্র/জন্মনিবন্ধন সনদ থাকতে হবে।  
(ছ) এতিম ও প্রতিবন্ধী, উপজাতী, আনসার ও ডিডিপি, পোষ্য কোটার ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ/প্রমাণ সত্যায়িত কপি দাখিল করতে হবে।  
(জ) সংশ্লিষ্ট (শূন্যপদ সৃষ্টিকৃত) ওয়ার্ডে যোগ্য প্রার্থী না পাওয়া গেলে সংশ্লিষ্ট ইউনিয়নের যেকোন ওয়ার্ড হতে যোগ্য প্রার্থীকে নিয়োগ দেওয়া হবে।

২৯/০৯/২০২১  
(মোঃ তমাল হোসেন)

উপজেলা নির্বাহী অফিসার  
গুরুদাসপুর, নাটোর।  
ফোন নম্বর-০৭৭২৪-৭৪০০১

E-mail: unogurudaspur@mopa.gov.bd